
২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্প ঋণের সার্বিক অবস্থার পর্যালোচনামূলক প্রতিবেদন

কৃষিভিত্তিক শিল্পে ঋণপ্রবাহ যথাযথভাবে তদারকি করার লক্ষ্যে দেশের সকল ব্যাংক থেকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণ ও আদায় সম্পর্কিত তথ্য/বিবরণী সংগ্রহ করা হয়ে থাকে। সে মোতাবেক সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে দাখিলকৃত বিবরণীর ভিত্তিতে আলোচ্য প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে সংশ্লিষ্ট ব্যাংকসমূহের কৃষিভিত্তিক শিল্পে ব্যাংকওয়ারী ঋণ বিতরণ, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির অবস্থা নিম্নরূপ:

১. ঋণ বিতরণ


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্পে ঋণ বিতরণের মোট পরিমাণ ছিল ৯,৯৮০.৯২ কোটি টাকা, এর মধ্যে চলতি মূলধন ঋণ ও মেয়াদি ঋণ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে ৮,০৭৮.৬৫ কোটি টাকা এবং ১,৯০২.২৭ কোটি টাকা (চিত্র ১ দ্রষ্টব্য)। ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ে কৃষিভিত্তিক শিল্পে মোট বিতরণকৃত ঋণের পরিমাণ ছিল ৭,৩৯৮.০৩ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের পরিমাণ ৬,২৫৪.৯২ কোটি টাকা এবং মেয়াদি ঋণের পরিমাণ ১,১৪৩.১১ কোটি টাকা। ২০১৫-১৬ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্প খাতে বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদি ঋণ ও মোট ঋণ বিতরণ যথাক্রমে ২৯.১৬%, ৬৬.৪১% ও ৩৪.৯১% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ১: বিতরণকৃত ঋণের তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫	৬,২৫৪.৯২	১,১৪৩.১১	৭,৩৯৮.০৩
জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬	৮,০৭৮.৬৫	১,৯০২.২৭	৯,৯৮০.৯২

চিত্র ২: ব্যাংকের ধরণভেদে বিতরণকৃত ঋণ, জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬




আলোচ্য সময়ে কৃষিভিত্তিক শিল্পে বিতরণকৃত মোট ৯,৯৮০.৯২ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২৮৯.০৭ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮,২৩২.৬৮ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ১,২২৮.২৪ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ২৩০.৯৩ কোটি টাকা বিতরণ করেছে। মোট ঋণ বিতরণের মধ্যে ব্যাংকের ধরণ হিসেবে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২.৯০%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৮২.৪৮%, বিদেশি ব্যাংকসমূহ ১২.৩১%, এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ২.৩১% বিতরণ করেছে। (চিত্র-২ দ্রষ্টব্য)

২. ঋণ আদায়


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্প খাতে বিতরণকৃত ঋণের বিপরীতে ৮,১৫১.০৩ কোটি টাকা আদায় হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ে কৃষিভিত্তিক শিল্প খাতে আদায়কৃত ঋণের পরিমাণ ছিল ৭,৩৩৮.৭৬ কোটি টাকা যার তুলনায় ২০১৫-১৬ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্প ঋণ আদায় ১১.০৭% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৩ দ্রষ্টব্য)

চিত্র ৩: আদায়কৃত ঋণের তুলনামূলক চিত্র



২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট আদায়কৃত ৮,১৫১.০৩ কোটি টাকার মধ্যে ব্যাংকের ধরণ ভেদে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ১,৩১১.২৩ কোটি টাকা, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহ ৫,৬৫০.৮৫ কোটি টাকা, বিদেশি ব্যাংকসমূহ ৯৯৮.১৫ কোটি টাকা এবং বিশেষায়িত ব্যাংকসমূহ ১৯০.৮০ কোটি টাকা আদায় করেছে। চিত্র ৪ এ ব্যাংকের ধরণ ভেদে কৃষিভিত্তিক শিল্প খাতে ঋণ আদায় পরিস্থিতি তুলে ধরা হয়েছে। চিত্র ৪ মোতাবেক ২০১৫-১৬ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে আদায়কৃত ৮,১৫১.০৩ কোটি টাকার মধ্যে ১৬.০৯% রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক, ৬৯.৩৩% বেসরকারি বাণিজ্যিক ব্যাংক, ১২.২৪% বিদেশি ব্যাংক এবং অবশিষ্ট ২.৩৪% বিশেষায়িত ব্যাংকসমূহ কর্তৃক আদায়কৃত।


চিত্র ৪: ব্যাংকের ধরণ ভেদে আদায় পরিস্থিতি, জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬



৩. বকেয়া ঋণস্থিতি

কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বিতরণকৃত ঋণের ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে বকেয়া স্থিতির পরিমাণ ৩২,৩৩৮.১৫ কোটি টাকা। তন্মধ্যে, চলতি মূলধন ঋণ খাতে বকেয়া স্থিতি ২২,২১৮.৩০ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া ঋণস্থিতির পরিমাণ ১০,১১৯.৮৫ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ২৬,৭৪০.৬৯ কোটি টাকা যার মধ্যে চলতি মূলধন ঋণের বকেয়া স্থিতির পরিমাণ ১৯,২৮২.২১ কোটি টাকা এবং মেয়াদি ঋণে বকেয়া স্থিতির পরিমাণ ৭,৪৫৮.৪৮ কোটি টাকা। আলোচ্য ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্পে বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময়ের তুলনায় চলতি মূলধন ঋণ, মেয়াদি ঋণ এবং মোট ঋণের বকেয়া স্থিতির পরিমাণ যথাক্রমে ১৫.২৩%, ৩৫.৬৮% এবং ২০.৯৩% বৃদ্ধি পেয়েছে। (চিত্র ৫ দ্রষ্টব্য)


চিত্র ৫ বকেয়া ঋণস্থিতির তুলনামূলক চিত্র



	চলতি মূলধন ঋণ	মেয়াদি ঋণ	মোট
জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫	১৯,২৮২.২১	৭,৪৫৮.৪৮	২৬,৭৪০.৬৯
জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬	২২,২১৮.৩০	১০,১১৯.৮৫	৩২,৩৩৮.১৫

২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে কৃষিভিত্তিক শিল্প ঋণের মোট বকেয়া স্থিতির ৩২,৩৩৮.১৫ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ৭,০৩৬.৪৮ কোটি টাকা বা ২১.৭৬%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৯,২৮৩.৪৪ কোটি টাকা বা ৫৯.৬৩%, বিদেশি ব্যাংকসমূহের ২,৩২৪.৫৮ কোটি টাকা বা ৭.১৯% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩,৬৯৩.৬৫ কোটি টাকা বা ১১.৪২ %। (চিত্র-৬ দ্রষ্টব্য)


চিত্র ৬: ব্যাংকের ধরণভেদে বকেয়া ঋণ স্থিতি, জুলাই-জুন, ২০১৪-১৫



৪. শ্রেণিকৃত ঋণস্থিতি


২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের পরিমাণ ৩,৭০১.৩৩ কোটি টাকা। ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে কৃষিভিত্তিক শিল্প খাতে মোট শ্রেণিকৃত ঋণের পরিমাণ ছিল ২,১৩৬.৮০ কোটি টাকা যা ২০১৫-১৬ অর্থবছর শেষে ৭৩.২২% বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির উপর শ্রেণিকৃত ঋণের হার ১১.৪৫% যা বিগত ২০১৪-১৫ অর্থবছরের একই সময় শেষে ছিল ৭.৯৯%। জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ের তুলনায় জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ৩.৪৬ Percentage Point বৃদ্ধি পেয়েছে। (চিত্র-৭ দ্রষ্টব্য)

চিত্র ৭: শ্রেণিকৃত ঋণের তুলনামূলক চিত্র



২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকৃত স্থিতি মোট ৩,৭০১.৩৩ কোটি টাকার মধ্যে রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১,০৭৭.২৩ কোটি টাকা বা ২৯.১০%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ১,২৭৮.১৩ কোটি টাকা বা ৩৪.৫৩%, বিদেশি ব্যাংকসমূহের ৯.৩৫ কোটি টাকা বা ০.২৫% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ১,৩৩৬.৬২ কোটি টাকা বা ৩৬.১২%। (চিত্র ৮ দ্রষ্টব্য)

চিত্র ৮: ব্যাংকের ধরণভেদে শ্রেণিকৃত ঋণস্থিতি, জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬



ছক-১ এ ব্যাংকের ধরণ অনুযায়ী ২০১৫-২০১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে বকেয়া ঋণস্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা তুলে ধরা হয়েছে। উক্ত ছকে দেখা যায়, রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের হার যথাক্রমে ১৫.৩১% এবং ৩৬.১৯% যা অন্যান্য ব্যাংকসমূহের তুলনায় অত্যন্ত বেশি।

ছক ১: ঋণ স্থিতির বিপরীতে শ্রেণিকৃত ঋণের অবস্থা


(কোটি টাকায়)

ব্যাকের ধরণ	বকেয়া ঋণ স্থিতি	শ্রেণিকৃত ঋণস্থিতি	শতকরা হার
রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৭,০৩৬.৪৮	১,০৭৭.২৩	১৫.৩১%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক	১৯,২৮৩.৪৪	১,২৭৮.১৩	৬.৬৩%
বিদেশি ব্যাংক	২,৩২৪.৫৮	৯.৩৫	০.৪০%
বিশেষায়িত ব্যাংক	৩,৬৯৩.৬৫	১,৩৩৬.৬২	৩৬.১৯%
মোট	**৩২,৩৩৮.১৫**	**৩,৭০১.৩৩**	**১১.৪৫%**

৫. সার্বিক অবস্থা

কৃষিভিত্তিক শিল্পঋণের বর্ণিত তথ্য হতে ২০১৪-১৫ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকের সঙ্গে ২০১৫-১৬ অর্থবছরের একই সময়ের তুলনা করলে দেখা যায় ঋণ বিতরণ, আদায়, বকেয়া স্থিতি ও শ্রেণিকৃত স্থিতির পরিমাণ যথাক্রমে ৩৪.৯১%, ১১.০৭%, ২০.৮৫% এবং ৭৩.২২% বৃদ্ধি পেয়েছে।

চিত্র ৯: কৃষিভিত্তিক শিল্পঋণের তুলনামূলক চিত্র



	ঋণ বিতরণ	ঋণ আদায়	বকেয়া স্থিতি	শ্রেণিকৃত স্থিতি
জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫	৭,৩৯৮.০৩	৭,৩৩৮.৭৬	২৬,৭৫৮.৭৮	২,১৩৬.৮০
জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬	৯,৯৮০.৯২	৮,১৫১.০৩	৩২,৩৩৮.১৫	৩,৭০১.৩৩

২০১৫-১৬ অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিক শেষে কৃষিভিত্তিক শিল্পে শ্রেণিকৃত ঋণের গড় হার ১১.৪৫% যা পূর্ববর্তী অর্থবছরের একই সময় শেষে ছিল ৭.৯৯%। অর্থাৎ জুলাই-সেপ্টেম্বর, ২০১৪-১৫ সময়ের তুলনায় জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬ সময় শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণে শ্রেণিকৃত ঋণের হার ৩.৪৬ Percentage Point বৃদ্ধি পেয়েছে। ব্যাংকের ধরণের ভিত্তিতে কৃষিভিত্তিক শিল্প ঋণের শ্রেণিকরণের এ গড় হার: রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের ১৫.৩১%, বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের ৬.৬৩%, বিদেশি ব্যাংকসমূহের ০.৪০% এবং বিশেষায়িত ব্যাংকসমূহের ৩৬.১৯%।

চিত্র ১০ এ সর্বশেষ ৪ অর্থবছরসহ জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬ ত্রৈমাসিকের কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা বিধৃত হয়েছে। বর্ণিত চিত্র হতে দেখা যায় কৃষিভিত্তিক শিল্প ঋণের বকেয়া স্থিতির প্রবৃদ্ধিতে ২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত ধনাত্মক ধারা বিরাজমান থাকলেও জুলাই-সেপ্টেম্বর, ২০১৫-১৬ ত্রৈমাসিকে বকেয়া স্থিতির প্রবৃদ্ধিতে নিম্নগামী ধারা পরিলক্ষিত হয়েছে। অন্যদিকে শ্রেণিকৃত ঋণের পরিমাণ বেড়ে চলেছে। কৃষিভিত্তিক শিল্প ঋণের সিংহভাগই চলতি মূলধন ঋণ হিসেবে বিতরণকৃত। ২০১১-১২, ২০১২-১৩, ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছর শেষে কৃষিভিত্তিক শিল্প ঋণের মেয়াদি ঋণ অংশ এ খাতে বকেয়া ঋণস্থিতির ২৯.৯১%, ৩২.৮১%, ৩০.৭৩% ও ২৯.৭০% যা কৃষিভিত্তিক শিল্পখাতের সুষ্ঠু প্রবৃদ্ধির জন্য পর্যাপ্ত নয় বলে প্রতীয়মান হয়। বর্তমান অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ের পরিসংখ্যান অনুযায়ী কৃষিভিত্তিক শিল্প খাতে মোট বকেয়া ঋণস্থিতির পরিমাণ ৩২,৩৩৮.১৫ কোটি টাকা। তন্মধ্যে, মেয়াদি ঋণ স্থিতির পরিমাণ ১০,১১৯.৮৫ কোটি টাকা যা বকেয়া ঋণস্থিতির মাত্র ৩৫.৬৮%। ফলে, মূলধনী ব্যয়ের অর্থায়ন ব্যাহত হচ্ছে, যা কৃষিভিত্তিক শিল্প বিকাশের অন্তরায়।

চিত্র ১০: কৃষিভিত্তিক শিল্প ঋণের ক্রমবিকাশের ধারা

